রেজিস্টার্ড নং ডি এ-১

আয়রণ ফাউন্ড্রি / ২০১০

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৪, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ আষাঢ় ১৪১৭ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৭৫-আইন/২০১০/শ্রকম/অধিশাখা-৬/নিমনি-১৭/২০০৯।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে এবং "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত হারে, "আয়রণ ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরীর হার ঘোষণা করিল, যথা ঃ—

**শর্তাবলী ঃ**

(১) "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত নিম্নতম মজুরী বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "আয়রণ ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(২) এই সুপারিশ ঘোষণার পর হইতে "আয়রণ ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের মালিকগণ "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্ট্রিভুক্ত করিবেন এবং মজুরী-স্লিপ প্রদান করিবেন।


মূল্য ঃ টাকা ৪.০০

(৩) যদি কোন "আয়রণ ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার, মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী অপেক্ষা কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে, তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগ এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৫) যদি "আয়রণ ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের মালিক শ্রমিকগণকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরী হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকগণের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৬) "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৪৯ ও ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

(৭) এই নিম্নতম মজুরী হারের কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**"ক" পরিচ্ছেদ**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|

**উচ্চতর দক্ষ ও টেকনিক্যাল ঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৭,০০০ | ৩,৫০০ | ৪০০ | ২০০ | ১১,১০০ |
| অন্যান্য এলাকায় | ৭,০০০ | ২,৮০০ | ৪০০ | ২০০ | ১০,৪০০ |

১। সুপারভাইজার (টেকনিক্যাল)।

দক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৫,০০০ | ২,৫০০ | ৪০০ | ২০০ | ৮,১০০ |
| অন্যান্য এলাকায় | ৫,০০০ | ২,০০০ | ৪০০ | ২০০ | ৭,৬০০ |

১। মোল্ডার;

২। কার্পেন্টার;

৩। ফিটার;

৪। ফার্নেসম্যান;

৫। ফায়ারম্যান;

৬। টার্ণার;

৭। ওয়েল্ডার;

৮। চিপার;

৯। ইলেকট্রিশিয়ান;

১০। গ্রিন্ডার

১১। নিলম্যান;

১২। ব্ল্যাকস্মীথ;

১৩। স্যাপারম্যান;

১৪। ড্রিলম্যান;

১৫। মেশিনম্যান;

১৬। ডাইসম্যান;

১৭। পিকলার;

১৮। গ্যালভানাইজার; ও

১৯। এনেলার।

আধা-দক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৩,৬০০ | ১,৮০০ | ৪০০ | ২০০ | ৬,০০০ |
| অন্যান্য এলাকায় | ৩,৬০০ | ১,৪৪০ | ৪০০ | ২০০ | ৫,৬৪০ |

১। মোল্ডার হেলপার;

২। কার্পেন্টার হেলপার;

৩। ফিটার হেলপার;

৪। ফার্নেস হেলপার;

৫। টার্ণার হেলপার;

৬। ওয়েল্ডার হেলপার;

৭। চিপিং হেলপার;

৮। ফায়ারম্যান হেলপার;

৯। ইলেকট্রিশিয়ান হেলপার;

১০। নিলম্যান হেলপার;

১১। গ্রিল্ডার হেলপার;

১২। ব্ল্যাকস্মীথ হেলপার;

১৩। মেশিন হেলপার;

১৪। হ্যামারম্যান;

১৫। ডাইসম্যান হেলপার;

১৬। পিকলার হেলপার;

১৭। গ্যালভানাইজার হেলপার; ও

১৮। এনেলার হেলপার।

অদক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ২,৬০০ | ১,৩০০ | ৪০০ | ২০০ | ৪,৫০০ |
| অন্যান্য এলাকায় | ২,৬০০ | ১,০৪০ | ৪০০ | ২০০ | ৪,২৪০ |

১। ফার্নেস বিভাগের শ্রমিক;

২। চিপিং সেকশনের শ্রমিক;

৩। মুদ্রণ সেকশনের শ্রমিক; ও

৪। অন্যান্য শ্রমিক।

* শিক্ষানবিস।

*** শিক্ষানবিস ঃ**

শিক্ষানবিসগণ মাসে ৩,০০০ (তিন হাজার) টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## "খ" পরিচ্ছেদ

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|

গ্রেড-১ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৬,০০০ | ৩,০০০ | ৪০০ | ২০০ | ৯,৬০০ |
| অন্যান্য এলাকায় | ৬,০০০ | ২,৪০০ | ৪০০ | ২০০ | ৯,০০০ |

১। উচ্চমান সহকারী;

২। হিসাব রক্ষক; ও

৩। স্টোর কিপার।

গ্রেড-২ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৪,০০০ | ২,০০০ | ৪০০ | ২০০ | ৬,৬০০ |
| অন্যান্য এলাকায় | ৪,০০০ | ১,৬০০ | ৪০০ | ২০০ | ৬,২০০ |

১। সহকারী হিসাব রক্ষক;

২। স্টোর এসিসটেন্ট;

৩। টেলিফোন অপারেটর;

৪। টাইম কিপার;

৫। কম্পিউটার অপারেটর;

৬। টাইপিষ্ট;

৭। ক্লার্ক; ও

৮। ড্রাইভার।

গ্রেড-৩ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহরে | ৩,০০০ | ১,৫০০ | ৪০০ | ২০০ | ৫,১০০ |
| অন্যান্য এলাকায় | ৩,০০০ | ১,২০০ | ৪০০ | ২০০ | ৪,৮০০ |

১। পিয়ন;

২। দারোয়ান;

৩। মালি;

৪। নাইটগার্ড; ও

৫। সুইপার।

* শিক্ষানবিস।

*** শিক্ষানবিস ঃ**

শিক্ষানবিসগণ মাসে ৩,০০০ (তিন হাজার) টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা সংশ্লিষ্ট গ্রেডের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

**সুবিধাদি ঃ**

১। **বাড়ী ভাড়া ভাতা ঃ** বিভাগীয় শহরে মূল বেতনের ৫০% হারে ও অন্যান্য এলাকায় মূল বেতনের ৪০% হারে।

২। **চিকিৎসা ভাতা ঃ** মাসিক ৪০০ (চারশত) টাকা।

৩। **যাতায়াত ভাতা ঃ** মাসিক ২০০ (দুইশত) টাকা।

**অন্যান্য সুবিধা ঃ**

১। **অধিকাল ভাতা (Overtime Allowance) ঃ** বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১০৮ ধারানুযায়ী ৮(আট) ঘন্টার পর অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রদেয়।

২। **উৎসব ভাতা ঃ** যে কোন সম্প্রদায়ের শ্রমিক ও কর্মচারীগণ তাহাদের প্রাপ্ত মূল মজুরীর সমহারে ০২ টি উৎসব ভাতা স্ব স্ব সম্প্রদায়ের প্রধান দুইটি উৎসবে প্রাপ্য হইবেন।

৩। **গ্র্যাচুইটি ঃ** বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০) মোতাবেক প্রাপ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আহসানুল জব্বার**
উপ-সচিব।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd